প্রথম আলো

শনিবার, ২৯ অক্টোবর ২০১৬



‘তরুণদের সঙ্গে’

‘ব্যর্থতার মধ্যেও নিজের লক্ষ্যে অবিচল থাকলেই সাফল্য ধরা দেবে’— আলাপচারিতায় *বিজ্ঞানচিন্তার* লেখক-পাঠকদের এ কথাই বলেছেন গবেষক ও যুক্তরাষ্ট্রের রচেস্টার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. এহসান হক। গতকাল শুক্রবার *প্রথম আলোর* সেমিনার কক্ষে ‘তরুণদের সঙ্গে’ আলাপচারিতার আয়োজন করে *প্রথম আলো* পরিবারের বিজ্ঞান ম্যাগাজিন *বিজ্ঞানচিন্তা*। নিজের জীবনের নানা ঘটনার উল্লেখ করে ড. হক বলেন, মানুষের জন্য, সমাজের জন্য উপকার হবে এমন কাজের পেছনেই তরুণদের আত্মনিয়োগ করতে হবে। অনুষ্ঠানে বক্তব্য দেন *বিজ্ঞানচিন্তার* সম্পাদক আব্দুল কাইয়ুম এবং সঞ্চালনা করেন *বিজ্ঞানচিন্তার* উপদেষ্টা মুনির হাসান। উল্লেখ্য, কম্পিউটারের সঙ্গে স্বাভাবিক কথোপকথনের উপায় উদ্ভাবনের প্রচেষ্টার জন্য এহসান হক এ বছর যুক্তরাষ্ট্রের এমআইটি ঘোষিত ‘৩৫-এর নিচে ৩৫’ তালিকায় জায়গা করে নিয়েছেন ● ছবি : প্রথম আলো